

অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-৩ (১ম সংশোধিত)

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

“পল্লী ভবন”

৫ কাগরান বাজার, ঢাকা-১২১৫।



২৬ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ

তারিখ: ০৯ মে ২০২২ খ্রিস্টাব্দ

স্মারক নং-৪৭.৬২.০০০০.৯০৬.০৫.০৮১.১৬.৯৫৫

বিষয়: নির্ধারিত সময়ের মধ্যে মাসিক প্রতিবেদন প্রেরণ।

সূত্র: ৪৭.৬২.০০০০.৯০৬.০৫.০৮১.১৬.২১২৩, তারিখ: ১৭/০৬/২০২১ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-৩ (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের মাসিক অগ্রগতি প্রতিবেদন সংশ্লিষ্ট জেলা দপ্তরের উপপরিচালকগণের মাধ্যমে প্রতি মাসের ২৮ তারিখের মধ্যে প্রকল্প সদর দপ্তরে (সফট কপি ও হার্ড কপি) প্রেরণ নিশ্চিত করার জন্য সূত্রস্থ স্মারকমূলে নির্দেশনা প্রদান করা হয়েছিল। কিন্তু গভীর উদ্বেগের সঙ্গে লক্ষ্য করা যাচ্ছে যে, মাঠ পর্যায় থেকে প্রকল্পের মাসিক অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে প্রকল্প সদর দপ্তরে প্রেরণ করা হচ্ছে না। ফলে নির্ধারিত সময়ের মধ্যে মাসিক অগ্রগতি প্রতিবেদন না পাওয়ায় মন্ত্রণালয়সহ বিভিন্ন দপ্তর কর্তৃক চাহিত তথ্য প্রদানে বিব্রতকর পরিস্থিতি সৃষ্টি হচ্ছে এবং প্রকল্পের বাস্তবায়ন বিষয়ক সিদ্ধান্ত গ্রহণে জটিলতা দেখা দিচ্ছে। এ বিষয়ে প্রকল্প সদর দপ্তর হতে টেলিফোন মারফত যোগাযোগ করা হলেও তার অগ্রগতি হতাশজনক।

এমতাবস্থায়, প্রকল্পভুক্ত উপজেলাসমূহের মাসিক অগ্রগতি প্রতিবেদনের সফট কপি ও হার্ড কপি প্রতি মাসের ২৮ তারিখের মধ্যে প্রকল্প সদর দপ্তরে প্রেরণ করতে হবে। সফট কপি prdp3.brdb@yahoo.com এই ঠিকানায় এবং হার্ড কপি জেলা দপ্তরের উপপরিচালক এর মাধ্যমে প্রেরণ করতে হবে। ব্যর্থতার বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষের গোচরে আনা হবে।

বিষয়টি অতীব জরুরী ও গুরুত্বপূর্ণ।

০৯.০৫.২০২২

তপন কুমার মন্ডল

প্রকল্প পরিচালক

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

উপজেলা-----।

জেলা-----।

২৬ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ

তারিখ: ০৯ মে ২০২২ খ্রিস্টাব্দ

স্মারক নং-৪৭.৬২.০০০০.৯০৬.০৫.০৮১.১৬.৯৫৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। ইউডিও----- উপজেলা-----জেলা।

০২। উপপরিচালক, বিআরডিবি,-----জেলা দপ্তর (সকল)।

০৩। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।

০৪। পরিচালক (পরিকল্পনা), বিআরডিবি, ঢাকা।

০৫। সংশ্লিষ্ট নথি/অফিস কপি।

(উপজেলা দপ্তর হতে সংগ্রহপূর্বক প্রতি মাসের শেষ কর্মদিবসের মধ্যে মাসিক অগ্রগতির প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে বলা হলো)

সেখ আমিনুর ইসলাম

উপপরিচালক